**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বিশেষভাবে সক্ষমদের সমমর্যাদা দিলেই একটি সমাজকে প্রকৃত অর্থে উন্নত বলা যেতে পারে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ গোমতী জেলার উদয়পুরের খিলপাড়ায় টি.এন.জি.সি.এল এর সিএনজি স্টেশনের উদ্বোধন করেন।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাকৃতিক কৃষি কাজের উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৪) কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া জানিয়েছেন, সরকার মোবাইল নির্মাতাদের জন্য সঞ্চার সাথী অ্যাপের প্রি-ইনস্টলেশন বাধ্যতামূলক না করার সিদ্ধান্ত নিয়েছে।**

********************************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে, বিশেষভাবে সক্ষমদের সমমর্যাদা দিলে একটি সমাজকে প্রকৃত অর্থে উন্নত বলা যেতে পারে। তিনি আরও বলেন যে, তাদের করুণা নয়, সম্মান ও মর্যাদা দেয়া উচিত। নতুনদিল্লিতে বিশেষভাব সক্ষম ব্যক্তিদের ক্ষমতায়নের জন্য জাতীয় পুরস্কার প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি একথা বলেন। এই অনুষ্ঠানে তিনি বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষমতায়নে তাদের অনুকরণীয় প্রচেষ্টার জন্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জাতীয় পুরস্কার প্রদান করেন।

রাষ্ট্রপতি তাদের প্রশংসা করে বলেন যে তাদের অবিশ্বাস্য সাফল্য সকলের জন্য অনুপ্রেরণার উৎস। তিনি তাদের উন্নয়নে সরকারের উদ্যোগে খেলাধুলা সহ বিভিন্ন ভূমিকার কথাও উল্লেখ করেন। উল্লেখ করে বলেন যে, ২০১২

সালের প্যারা অলিম্পিকে ভারত মাত্র একটি পদক জিতেছিল, যেখানে ২০২৪ সালের প্যারা অলিম্পিকে দেশ ২৯টি পদক লাভ করে, যা ভারতীয় প্যারা-অ্যাথলিটদের অগ্রগতির মান প্রদর্শন করে।

**************************

**CNG-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যে টি.এন.জি.সি.এল ৫০ হাজারের অধিক যানবাহনকে জ্বালানি সরবরাহ করছে। ফটিকছড়া ও বোধজংনগরে সি.এন.জি স্টেশন তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। আজ গোমতী জেলার উদয়পুরের খিলপাড়ায় টি.এন.জি.সি.এল এর সিএনজি স্টেশনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, সিএনজির একটা বিশেষ গ্রহণযোগ্যতা রয়েছে। কারণ এটি পরিবেশ বান্ধব জ্বালানি। মোহনপুরে সি.এন.জি স্টেশনের জন্য দুটি জমি দেওয়া হয়েছে। খয়েরপুর-আমতলি বাইপাস, বাগমা, অমরপুর ও অম্পিতে সি.এন.জি স্টেশন করার জন্য টি.এন.জি.সি.এল এর সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, গোমতী জিলা সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

****************************

**International Day Persons with Disabilities-Unakoti :**

আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস। নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ রাজ্যের সবত্র এই দিনটি উদযাপন করা হয়। এবছর দিবসটির ভাবনা হচ্ছে সামাজিক অগ্রগতির জন্য দিব্যাঙ্গ অন্তর্ভুক্ত সমাজ গড়ে তোলা। কৈলাশহরের দিব্যাঙ্গ পুনর্বাসন কেন্দ্র প্রাঙ্গনে আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সামাজিক ন্যায় কমিটির সভাপতি বিমল কর, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী

দেবরায় প্রমুখ। অনুষ্ঠানে দুজন দিব্যাঙ্গ কৃতি খেলোয়াড়কে সংবর্ধনা জানানো হয়। তাছাড়া দিব্যাঙ্গদের মধ্যে চলন, সহায়ক সামগ্রী ও শ্রবনযন্ত্র প্রদান করা হয়।

****************************

**International Day Persons with Disabilities-South :**

বিলোনিয়ার বিকেআই মাঠে আয়োজিত আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ। অনুষ্ঠানে দিব্যাঙ্গজনদের হুইল চেয়ার, শ্রবণ যন্ত্র এবং মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষায় উত্তীর্ণ দক্ষিণ জেলার ১০ জন দিব্যাঙ্গজন ছাত্রছাত্রীকে আর্থিকভাবে পুরস্কৃত করা হয়। সেখানে খেলো ত্রিপুরা প্যারা গেমসের দক্ষিণ জেলাভিত্তিক প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

*************************

**International Day Persons with Disabilities-Khowai :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় খোয়াই জেলায় এক হাজার দিব্যাঙ্গ ও প্রবীণ নাগরিকদের মধ্যে ৯০ লক্ষ টাকার সহায়ক যন্ত্রপাতি বিনামূল্যে বিতরণ করা হয়। খোয়াই জিলা পরিষদের কার্যালয়ে প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে খোয়াই ব্লক এলাকার কয়েক শতাধিক দিব্যাঙ্গ এবং প্রবীণ নাগরিকদের মধ্যে সম্পূর্ণ বিনামূল্যে হুইলচেয়ার, ব্যাটারি চালিত রিক্সা সহ অন্যান্য সামগ্রী প্রদান করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, জেলাশাসক রজত পান্থ প্রমুখ। অনুষ্ঠানে ক্রীড়া দপ্তরের উদ্যোগে খেলো ত্রিপুরা প্যারা গেমস ২০২৫ প্রকল্পে দিব্যাঙ্গদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

***************************

**Khudiram Bose :**

ক্ষুদিরাম বসুর ১৩৭তম জন্মদিবস। আজ সকালে উজ্জয়ন্ত প্রসাদের সামনে ক্ষুদিরাম বসুর মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে ক্ষুদিরাম বসু স্মৃতি রক্ষা কমিটির সদস্যরা শ্রদ্ধা নিবেদন করেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Natural Farming :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রাকৃতিক কৃষির গুরুত্ব তুলে ধরে বলেছেন, এটি প্রাকৃতিক জীববৈচিত্র্যকে সমর্থন করার জন্য উদ্ভিদ, গাছ এবং পশুপালন সহাবস্থানের জন্য বৈচিত্র্যময় ক্ষেত্রকে উৎসাহিত করে। সামাজিক মাধ্যমে শেয়ার করা একটি নিবন্ধে, শ্রী মোদী ভারত জুড়ে মানুষকে প্রাকৃতিক কৃষি পদ্ধতি গ্রহণ এবং সম্প্রসারণের জন্য স্পষ্ট আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন যে প্রাকৃতিক কৃষি ভারতের ঐতিহ্যবাহী জ্ঞান ব্যবস্থার পাশাপাশি আধুনিক পরিবেশগত নীতি থেকে উদ্ভূত, যাতে কৃত্রিম রাসায়নিক ছাড়াই ফসল চাষ করা যায়। তিনি দুই সপ্তাহ আগে কোয়েম্বাটুরে প্রাকৃতিক কৃষিকাজ সংক্রান্ত এক শীর্ষ সম্মেলনে যোগ দানের অভিজ্ঞতা

উল্লেখ করে বলেন যে ভারত এই ক্ষেত্রে প্রশংসনীয় অগ্রগতি অর্জন করেছে। তিনি বলেন যে গত বছর সরকার জাতীয় প্রাকৃতিক কৃষিকাজ মিশন চালু করেছে, যা ইতিমধ্যে লক্ষ লক্ষ কৃষককে সুস্থায়ী অনুশীলনের সঙ্গে সংযুক্ত করেছে। শ্রী মোদী আরও বলেন যে প্রাকৃতিক কৃষিকাজ ভারতের শ্রী অন্ন বা বাজরা প্রচারের প্রচেষ্টার সাথে ঘনিষ্ঠভাবে জড়িত।

**************************

**Sanchar Saathi App :**

কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সংসদের শীতকালীন অধিবেশনে আজ জানিয়েছেন, সঞ্চার সাথী অ্যাপের ক্রমবর্ধমান গ্রহণযোগ্যতার পরিপ্রেক্ষিতে, সরকার মোবাইল নির্মাতাদের জন্য এই অ্যাপটির প্রি-ইনস্টলেশন বাধ্যতামূলক না করার সিদ্ধান্ত নিয়েছে। আজ লোকসভায় এক প্রশ্নের জবাবে, শ্রী সিন্ধিয়া স্পষ্ট করে বলেছেন যে এই অ্যাপ ব্যবহারকারীরা তাদের সুবিধামত নিবন্ধন করে অ্যাপটি সক্রিয় করতে পারেন এবং তারা যেকোনো সময় তাদের ডিভাইস থেকে এটি নিষ্ক্রিয় করতে বা মুছে ফেলতে পারেন। তিনি বলেন, নরেন্দ্র মোদী সরকার নাগরিকদের প্রতারণামূলক কার্যকলাপ থেকে রক্ষা করার জন্য এই সুবিধা প্রদান করেছে।

###### Byte-Jyotiraditya Scindia######

**************************

**Package Story-Advocate's Day :**

আজ আইনজীবী দিবস। বিশিষ্ট আইনবিশেষজ্ঞ দেশের প্রথম রাষ্ট্রপতি ড. রাজেন্দ্র প্রসাদের জন্মদিন। এই দিবস প্রসঙ্গে এখন শুনুন একটি প্রতিবেদন।

#######VC######

**************************

**Advocate Day :**

ত্রিপুরা বার কাউন্সিলের উদ্যোগে আজ ত্রিপুরা হাইকোর্ট প্রাঙ্গণে জাতীয় আইনজীবী দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি বিশ্বজিৎ পালিত, অ্যাডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, বার কাউন্সিলের চেয়ারম্যান রতন দত্ত, সিনিয়র অ্যাডভোকেট শংকর দেব প্রমুখ। বার কাউন্সিলের উদ্যোগে রাজ্যের সব সিনিয়র অ্যাডভোকেট এবং যে সমস্ত আইনজীবীরা ৫০ বছরের বেশি সময় ধরে প্র্যাকটিস করছেন তাদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

***************************

**Bangla Sanskriti Boloy :**

বাংলা সংস্কৃতি বলয়ের উদ্যোগে আজ সন্ধ্যায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের রবীন্দ্রমূর্তির সামনে, বাংলাদেশে বাউল শিল্পীদের উপর নির্যাতনের প্রতিবাদ জানানো হয় এবং সেদেশের রাষ্ট্রপতিকে অভিনব পদ্ধতিতে পোস্টকার্ডের মাধ্যমে গণচিঠি প্রেরণ করার জন্য পোস্টকার্ডে স্বাক্ষর সংগ্রহ করা হয়।

অনুষ্ঠানে রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী দেশ তথা রাজ্যের কৃষ্টি রক্ষা করার আহ্বান জানান। আজকের প্রতিবাদ কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করেন, বাংলা সংস্কৃতি বলয়ের বিশ্ব কমিটির সভাপতি দেবাশিস ভট্টাচার্য্য।

***************************

**BSF :**

বি.এস.এফ-এর হীরক জয়ন্তী বর্ষপূর্তি উদযাপনকে সামনে রেখে আজ শালবাগান বি.এস.এফ সদর দপ্তর থেকে একটি মোটরসাইকেল র‍্যালির আয়োজন করা হয়। পতাকা নেড়ে র‍্যালির সূচনা করেন বি.এস.এফের আই জি অলোক কুমার চক্রবর্তী। র‍্যালি শেষ হয় গোকুলনগর বি.এস.এফ ক্যাম্পে। শতাধিক জওয়ান এই বাইক র‍্যালিতে অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ। তিনি বলেন, বিএসএফ দেশের সীমান্ত রক্ষায় গুরুত্বপূর্ণ ভুমিকা পালন

করছে। রাজ্যে পাচার ও নেশা বিরোধী অভিযানে পুলিশের সঙ্গে সমন্বয় রেখে বি.এস.এফ প্রশংসনীয়।

***************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় আজ দিল্লির কাছে ইনিংস ও ১৫৫ রানে ত্রিপুরা পরাজিত হয়েছে। পালামের এয়ারফোর্স মাঠে ৪ উইকেটে ৬৬ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে রাজ্যদলের দ্বিতীয় ইনিংস ১২৫ রানে শেষ হয়ে যায়। এর আগে স্বাগতিক দিল্লির প্রথম ইনিংসের ৩৮৬ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১০৫ রান করেছে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৭ ডিগ্রি সেলসিয়াস।

*************************